সমকাল

তারিখ 30 DEC 2015
পৃষ্ঠা ৩য় কলাম ৬

# মোবাইলের জন্য কলেজছাত্রের আত্মহত্যা

■ সমকাল প্রতিবেদক

শুধু একটি মোবাইল ফোনের জন্য মায়ের সঙ্গে অভিমান করে আত্মহত্যার পথ বেছে নিল কলেজছাত্র মো. রাব্বি (১৭)। সে মোবাইল ফোনে অতিরিক্ত কথা বলত– এই অভিযোগে সেটি নিয়ে নেন মা। এ কারণে মায়ের সঙ্গে অভিমান করে ঘরের সিলিং ফ্যানের সঙ্গে ঝুলে সে আত্মহত্যা করে। মর্মান্তিক এ ঘটনা ঘটে সোমবার রাতে জুরাইনের নবারুণ গলির এক বাসায়। তার বাবার নাম জাফর আহমেদ। রাব্বি ক্যামব্রিয়ান কলেজের একাদশ শ্রেণীর শিক্ষার্থী ছিল। কদমতলী থানার এসআই মোখলেছুর রহমান সমকালকে জানান, সোমবার রাত সাড়ে ১১টার দিকে রাব্বির লাশ উদ্ধার করে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়।